

আল-ফুরকান | Al-Furqan | الْفُرْقَان

আয়াতঃ ২৫ : ৮৭

আরবি মূল আয়াত:

وَ هُوَ الَّذِي جَعَلَ لَكُمُ الَّيْلَ لِبَاسًا وَ النَّوْمَ سُبَاتًا وَ جَعَلَ النَّهَارَ نُشُورًا

৪৭

A | ✎ অনুবাদসমূহ:

আর তিনিই তোমাদের জন্য রাতকে আবরণ ও নিদ্রাকে আরামপ্রদ করেছেন এবং দিনকে করেছেন জাগ্রত থাকার সময়। — আল-বায়ান

তিনিই তোমাদের জন্য রাতকে করেছেন আবরণ, নিদ্রাকে করেছেন আরামপ্রদ আর দিনকে করেছেন (নিদ্রারপী সাময়িক মৃত্যুর পর) আবার জীবন্ত হয়ে উঠার সময়। — তাইসিরুল

এবং তিনিই তোমাদের জন্য রাতকে করেছেন আবরণ স্বরূপ, বিশ্বামের জন্য তোমাদের দিয়েছেন নিদ্রা এবং সমুখানের জন্য দিয়েছেন দিন। — মুজিবুর রহমান

And it is He who has made the night for you as clothing and sleep [a means for] rest and has made the day a resurrection. — Sahih International

৪৭. আর তিনিই তোমাদের জন্য রাতকে করেছেন আবরণস্বরূপ, বিশ্বামের জন্য তোমাদের দিয়েছেন নিদ্রা(১) এবং ছড়িয়ে পড়ার জন্য করেছেন দিন।(২)

(১) এ আয়াতে রাত্রিকে ‘লেবাস’ শব্দ দ্বারা ব্যক্ত করা হয়েছে। লেবাস যেমন মানবদেহকে আবৃত করে, রাত্রিও তেমনি একটি প্রাকৃতিক আবরণ, যা সমগ্র সৃষ্টিগতের উপর ফেলে দেয়া হয়। **سُبَاتٌ** শব্দটি **স্বেচ্ছা** থেকে উদ্ভূত। এর আসল অর্থ ছিন্ন করা। **স্বেচ্ছা** এমন বস্তু যদ্বারা অন্য বস্তুকে ছিন্ন করা হয়। নিদ্রাকে আল্লাহ্ তা'আলা এমন করেছেন যে, এর ফলে সারাদিনের ক্লান্তি ও শ্রান্তি ছিন্ন তথা দূর হয়ে যায়। চিন্তা ও কল্পনা বিছিন্ন হয়ে গেলে মস্তিষ্ক শান্ত হয়। তাই **স্বেচ্ছা** এর অর্থ করা হয় আরাম, শান্তি। আয়াতের অর্থ এই যে, আমি রাত্রিকে আবৃতকারী করেছি, অতঃপর তাতে মানুষ ও প্রাণীদের উপর নিদ্রা চাপিয়ে দিয়েছি, যা তাদের আরাম ও শান্তির উপকরণ। [দেখুন: কুরতুবী, আদওয়াউল বাযান]

(২) এখানে দিনকে অর্থাৎ ‘জীবন বা ছড়িয়ে পড়া’ বলা হয়েছে। কেননা, এর বিপরীত অর্থাৎ নিদ্রা এক প্রকার মৃত্যু। [আদওয়াউল বাযান]

(৪৭) তিনিই তোমাদের জন্য রাত্রিকে করেছেন আবরণস্বরূপ,[১] নিদ্রাকে করেছেন বিশ্বামস্বরূপ[২] এবং দিনকে করেছেন উথানের জন্য।[৩]

[১] অর্থাৎ, আবরণ ও পোশাক যেমন মানুষের শরীর ঢেকে রাখে, অনুরূপ রাত্রের অন্ধকার তোমাদের লুকিয়ে রাখে।

[২] سُبُّات এর অর্থ কাটা বা বিছিন্ন করা, ঘুম মানুষকে তার কাজকর্ম ও ব্যস্ততা হতে বিছিন্ন করে, যাতে মানুষ আরাম ও স্বস্তিবোধ করে। কিছু উলামার নিকট **سُبُّات** এর অর্থ লম্বা হওয়া। যেহেতু ঘুমের সময় মানুষ তার দেহকে মাটিতে লম্বা করে দেয়, সেহেতু ঘুমকে **سُبُّات** বলা হয়।

[৩] ঘুম যা মৃত্যুর এক ভাই। দিনে মানুষ ঘুম থেকে উঠে নিজের কাজকর্মে লিপ্ত হয়। হাদীসে এসেছে, নবী (সাঃ) যখন তোরে ঘুম থেকে উঠতেন, তখন এই দু'আ পাঠ করতেন: ﴿الْحَمْدُ لِلَّهِ الَّذِي أَحْيَانَا بَعْدَ مَا أَمْتَنَا وَإِلَيْهِ النُّشُور﴾
অর্থাৎ, সমস্ত প্রশংসা সেই আল্লাহর যিনি আমাদেরকে মারার পর জীবিত করেছেন। আর তার কাছেই ফিরে যেতে হবে। (বুখারী, মিশকাতঃ দাওয়াত অধ্যায়)

তাফসীরে আহসানুল বাযান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=2902>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন